শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৬৩.১৯-৬৪

তারিখঃ ১২ মাঘ ১৪২৬ ব.
২৬ জানুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১২৬৫০/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং- ১২৬৫০/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-১২৬৫০/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ১২৬৫০/২০১৯ | মোছা: নাজিরা বেগম, সহকারী শিক্ষক, ছাতনাই বারবিশা দাখিল মাদ্রাসা, উপজেলা-ডিমলা, জেলা-নীলফামারী। | সচিব, শিক্ষা মন্ত্রণালয়, চেয়ারম্যান, বিএমইবি ও ডিজি, ডিএমই আরো অন্যান্যসহ মোট ০৯ (নয়) জন। | নীলফামারী জেলার ডিমলা উপজেলাধীন ছাতনাই বারবিশা দাখিল মাদ্রাসা'য় মোছা: নাজিরা বেগম, সহকারী শিক্ষক শূন্য পদে যোগদান করেন। অত:পর ০১/১২/১৮ তারিখে এমপিওভুক্তির জন্য অন-লাইনে আবেদন দাখিল করা হলে জেলা শিক্ষা অফিস হতে "No vacancy as per approved pattern Description Another social science" মর্মে তার এমপিও আবেদন গত ১৭/১২/১৮ তারিখে বাতিল করা হয় মর্মে গত ০৪/১১/২০১৯ তারিখে সচিব, শিক্ষা মন্ত্রনালয় বরাবর দাখিলকৃত (Annexure-G মূলে) আবেদনে উল্লেখ করা হয়েছে।<br>উক্ত আবেদনের আলোকে প্রতিকার না পাওয়ায় তাকে ১২/১১/২০১২ তারিখ হতে এমপিও তালিকাভুক্তির কার্যকারিতা দিয়ে সকল বকেয়া আর্থিক সুবিধাদি প্রদানের নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার মোছা: নাজিরা বেগম কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২৬৫০/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ১৭/১১/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী নিষ্পন্ন করে "No vacancy as per approved pattern Description Another social science" মর্মে পিটিশনার এর এমপিওভুক্তির জন্য গত ০১/১২/১৮ তারিখে দাখিলকৃত আবেদন বাতিল করা কেন বেআইনী ঘোষণা করা হবে না; সে মর্মে ১৫/১২/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

০৩। রিট মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সরকার পক্ষে জবাব দাখিল করা হয়েছে কিনা, না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য হাইকোর্টে জবাব দাখিলক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১২৬৫০/২০১৯ মামালার ১৭/১১/২০১৯ তারিখে নির্দেশনা অনুযায়ী মহামান্য হাইকোর্টে সরকার পক্ষে জবাব দাখিল করা হয়েছে কীনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জবাব দাখিলক্রমে গৃহীত ব্যবস্থার তথ্য আগামী ১০/০২/২০২০ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে (প্রমাণকসহ) অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

২৬/০১/২০২০
(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।